ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৬৮
আগরতলা, ২৩ মে, ২০২৫

**ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের শপথগ্রহণ অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী**
**রাজ্য সরকার রাজ্যের বিভিন্ন জায়গায় ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার কাজ করছে**

ত্রিপুরার ছেলেমেয়েরা কোন অংশেই পিছিয়ে নেই। খেলাধুলার ক্ষেত্রেও রাজ্যের ছেলেমেয়েদের আরও এগিয়ে যেতে হবে। রাজ্য সরকার রাজ্যের বিভিন্ন জায়গায় ক্রীড়া পরিকাঠামো গড়ে তোলার কাজ করছে। আজ শহীদ ভগৎ সিং যুব আবাসে ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের এডহক কমিটির কর্মকর্তা এবং নির্বাহী কমিটির সদস্য-সদস্যাদের শপথগ্রহণ অনুষ্ঠানে যুববিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় একথা বলেন। ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি ড. পিটি উষার নির্দেশে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর এবং ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সহযোগিতায় ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশনের এডহক কমিটি গঠিত হয়েছে। এই কমিটির সভাপতি হয়েছেন অলিম্পিয়ান পদ্মশ্রী দীপা কর্মকার, সাধারণ সম্পাদক হয়েছেন সুজিত রায় এবং কোষাধ্যক্ষ হয়েছেন রতন কুমার দাস। ১৫ জনকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে।

যুববিষয়ক ও ক্রীড়ামন্ত্রী বলেন, নবনির্বাচিত ত্রিপুরা অলিম্পিক অ্যাসোসিয়েশন রাজ্যে খেলাধুলার উন্নতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে। তিনি বলেন, গত ৫ বছরে রাজ্যের ক্রীড়াবিদরা বিভিন্ন প্রতিযোগিতায় ৫০টিরও বেশি স্বর্ণ ও রৌপ্য পদক অর্জন করেছে। ক্রীড়ামন্ত্রী এই কমিটির সাফল্য কামনা করেন।

অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী ধন্যবাদসূচক বক্তব্যে নবনির্বাচিত কমিটির সদস্যদের শুভেচ্ছা জানান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মিজোরাম অলিম্পিক অ্যাসোসিয়েশনের সভাপতি বিধায়ক রবার্ট রোমাইয়া রয়তে, অরুণাচল প্রদেশ অলিম্পিক অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক বামাঙ্গ টাগো, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সচিব সুকান্ত ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ত্রিপুরা এডহক কমিটির চেয়ারম্যান তথা মেঘালয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের কার্যকরি সভাপতি জন এফ খারসিং।

******